বরগুনা নারী জগরণ কর্মসূচী-জাগোনারী

আসাহী ম্যানশন, কলেজ রোড, বরগুনা

Promoting Disaster Ready Inclusive Preparedness towards Adaptation (PRODRIPTA/ প্রদৃপ্ত) – Phase II

পূনঃ খাল খননের জন্য টেন্ডার সিডিউল

বেসরকারি সংস্থা জাগোনারী বাংলাদেশের বিভিন্ন এলাকায় দাতা সংস্থার সহযোগিতায় একাধিক প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করছে। এরই ধারাবাহিকতায় পটুয়াখালী জেলায় কেয়ার বাংলাদেশ এর সহযোগিতায় জাগোনারী বাস্তাবায়িত **Promoting Disaster Ready Inclusive Preparedness towards Adaptation (PRODRIPTA/ প্রদৃপ্ত) – Phase II** শীর্ষক প্রকল্পের আওতায় কলাপাড়া উপজেলার মিঠাগঞ্জ ইউনিয়নের শাপাখালী গ্রামে একটি পূনঃ খাল খননের জন্য আগ্রহী সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট থেকে দরপত্র আহবান করা যাচ্ছে।

ক. সাধারন তথ্যাবলী:

টেন্ডার রেফারেন্স	:	জানা/বর/প্রদৃপ্ত-টেন্ডার/ওটিএম/নভেম্বর ২০২৬ (০৭)
দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ	:	১৫ নভেম্বর,২০২৬ খ্রি.
দরপত্র জমা দেয়ার শেষ তারিখ	:	২৩ নভেম্বর,২০২৬ খ্রি.
দরপত্র উন্মুক্তকরণের তারিখ	:	২৪ নভেম্বর, ২০২৬ খ্রি. দুপুর ১২.০০ ঘটিকা। দরপত্র উন্মুক্তকরণের সময়ে সকল দরদাতা প্রতিষ্ঠানকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
যে ভাবে দরপত্র বিজ্ঞপ্তি, টেন্ডার সিডিউল এবং প্রাইস কোটেশন ফরম সংগ্রহ করতে পারবেন	:	জাগোনারীর ওয়েবসাইটে ঢুকে টেন্ডার সিডিউল, আবেদন ফরম ও প্রাইস কোটেশন ফরম সংগ্রহ করা যাবে। এ ছাড়াও জাগোনারী প্রধান কার্যালয়, আসাহী ম্যানশন (৩য় তলা), কলেজ রোড, বরগুনা ও জাগোনারী প্রকল্প অফিস সুমনা মঞ্জিল, কদম আলী মৃধা ভবন, ৩ নং ওয়ার্ড কলাপাড়া, পটুয়াখালী থেকেও দরপত্র সংক্রান্ত কাগজপত্র সংগ্রহ করা যাবে।

খ. দরদাতা প্রতিষ্ঠানের যোগ্যতা ও দরপত্র দাখিলের পদ্ধতি:

১. দরদাতা প্রতিষ্ঠানকে দরপত্রের সঙ্গে নিম্নলিখিত হালনাগাদ ও বৈধ আইনগত কাগজপত্র দাখিল করতে হবে:
   - প্রতিষ্ঠানের হালনাগাদ ঠিকাদারি লাইসেন্স/ট্রেড লাইসেন্স;
   - প্রতিষ্ঠানের নামে ভ্যাট নিবন্ধন সনদ;
   - বর্তমান অর্থবছরের হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রমাণপত্র।

২. দরদাতা প্রতিষ্ঠানের নামে পরিচালিত ব্যাংক হিসাবের প্রমাণ হিসেবে সর্বশেষ এক (০১) মাসের ব্যাংক স্টেটমেন্ট দরপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে;

৩. সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতার প্রমাণ হিসেবে দরপত্রের সঙ্গে পূর্ববর্তী কাজের অভিজ্ঞতা সনদ, কার্যাদেশ (Work Order) অথবা সংশ্লিষ্ট কাজ সম্পাদনের গ্রহণযোগ্য প্রমাণপত্র দাখিল করতে হবে;

৪. দরপত্রে প্রস্তাবের বৈধতার সময়সীমা এবং দরদাতা প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবের পূর্ণাঙ্গ তথ্য (ব্যাংকের নাম, শাখার নাম, হিসাবের নাম ও হিসাব নম্বর) স্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৫. নোটিফিকেশন অব অ্যাওয়ার্ড (Notification of Award) গ্রহণের পর নির্ধারিত কাজ সম্পন্ন করতে কত দিন সময় প্রয়োজন হবে, তা দরদাতাকে আবেদন ফরমে স্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৬. দরপত্রের সঙ্গে প্রয়োজনীয় সকল কাগজপত্র সংযুক্ত করে যথাযথভাবে সিলগালা করা খামে নিম্নলিখিত যেকোনো ঠিকানায় সরাসরি অথবা ডাক/কুরিয়ারযোগে দাখিল করতে হবে;

৭. কোনো প্রতিষ্ঠান সরাসরি দরপত্র দাখিল করলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতিনিধিকে নিজ দায়িত্বে দরপত্র টেন্ডার বক্সে জমা দিতে হবে। অন্যদিকে, ডাক বা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রাপ্ত দরপত্র জাগো নারী কর্তৃপক্ষ গ্রহণের পর যথাযথভাবে রেজিস্টারে অন্তর্ভুক্ত করে টেন্ডার বক্সে সংরক্ষণ করবে।

ঠিকানা-১:
আহ্বায়ক, ক্রয় কমিটি
জাগো নারী (JAGO NARI)
প্রধান কার্যালয়, আসাহী ম্যানশন, কলেজ রোড, বরগুনা।

ঠিকানা-২:
JAGO NARI PRODRIPTA Project Office
সুমনা মঞ্জিল, কদম আলী মৃধা ভবন, ৩ নং ওয়ার্ড, কলাপাড়া, পটুয়াখালী।

৮. দরদাতা প্রতিষ্ঠানকে কাজ বাস্তবায়নের একটি বিস্তারিত কর্মপরিকল্পনা (Work Plan) দরপত্রের সঙ্গে দাখিল করতে হবে। নির্বাচিত প্রতিষ্ঠানকে দাখিলকৃত ও অনুমোদিত কর্মপরিকল্পনা অনুযায়ী কাজ সম্পন্ন করতে হবে;

৯. Annexure-1.1: Price Quotation Form অনুযায়ী প্রতিষ্ঠানের নিজস্ব/অফিসিয়াল প্যাডে প্রতিষ্ঠানের মালিক বা বৈধ প্রতিনিধির স্বাক্ষর ও সিলসহ দরপত্র দাখিল করতে হবে;

১০. দরপত্র দাখিলের নির্ধারিত শেষ তারিখ ও সময় অতিবাহিত হওয়ার পর জাগো নারী (JAGO NARI)-এর ক্রয় কমিটি প্রচলিত ক্রয়বিধি ও প্রতিষ্ঠানের নির্ধারিত ক্রয়নীতি অনুসরণ করে টেন্ডার বক্স খুলবে এবং প্রাপ্ত দরপত্রসমূহ যাচাই-বাছাই ও মূল্যায়ন করবে

গ. দরপত্র মূল্যায়ন ও সরবরাহকারী নির্বাচনের পদ্ধতি:

দরপত্র মূল্যায়নের ক্ষেত্রে নিম্নলিখিত স্কোরিং পদ্ধতি অনুসরণ করা হবে। প্রাপ্ত দরপত্রসমূহ নির্ধারিত মানদণ্ড অনুযায়ী আর্থিক ও কারিগরি দিক বিবেচনা করে মূল্যায়ন করা হবে।

১. নিম্নলিখিত বিবরণ অনুযায়ী স্কোরিং পদ্ধতি অনুসরন করে দরপত্র মূল্যায়ন করা হবে:

স্কোরিং এর মানদন্ড	নম্বর	মন্তব্য
দর	৫০	আর্থিক
লিগ্যাল ডকুমেন্টস (ট্রেড লাইসেন্স, ভ্যাট সনদ ও হালনাগাদ আয়কর রিটান)	৩০	টেকনিক্যাল
অভিজ্ঞতা (সংশ্লিষ্ঠ্য কাজের অভিজ্ঞতা সনদ/কার্যাদেশ)	২০	টেকনিক্যাল
মোট	১০০	

২. দরপত্র মূল্যায়নের সময় দরপত্রের সঙ্গে দাখিলকৃত সকল প্রয়োজনীয় কাগজপত্র, তথ্য ও দলিলাদি যাচাই করা হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ অথবা দরপত্রের নির্ধারিত শর্তাবলি পূরণে ব্যর্থ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

৩. নির্ধারিত মূল্যায়ন মানদণ্ড অনুযায়ী প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে দরদাতাদের মধ্যে তুলনামূলক মূল্যায়ন করা হবে এবং সর্বোচ্চ স্কোরপ্রাপ্ত যোগ্য দরদাতাকে ঠিকাদার হিসেবে নির্বাচনের জন্য সুপারিশ করা হবে।

ঘ. আবশ্যকীয় শর্তাবলী:

১. নির্বাচিত ঠিকাদার প্রতিষ্ঠানকে JAGO NARI কর্তৃক আনুষ্ঠানিকভাবে Notification of Award (NOA) প্রদান করা হবে। NOA গ্রহণের পর নির্বাচিত ঠিকাদারকে কার্যাদেশ অনুযায়ী মোট চুক্তিমূল্যের ১০% অর্থ JAGO NARI-এর অনুকূলে পারফরম্যান্স সিকিউরিটি (Performance Security) হিসেবে পে-অর্ডার মাধ্যমে জমা দিতে হবে। নির্ধারিত কাজ যথাযথভাবে সম্পন্ন, পরিদর্শন ও সন্তোষজনকভাবে গ্রহণের পর প্রযোজ্য শর্তসাপেক্ষে উক্ত জামানত ফেরত প্রদান করা হবে।

২. ঠিকাদার প্রতিষ্ঠানকে কার্যাদেশে উল্লেখিত নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পূর্ণ খাল পুনঃখনন কাজ শেষ করতে হবে। কোনো গ্রহণযোগ্য কারণ ছাড়া নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে, বিলম্বের জন্য চুক্তি অনুযায়ী প্রতিদিন বিলম্বিত কাজের/চুক্তিমূল্যের ১% হারে ক্ষতিপূরণ কর্তন করা হবে। তবে এ ধরনের কর্তনের সর্বোচ্চ সীমা চুক্তিতে উল্লেখ থাকতে হবে।

৩. ঠিকাদার প্রতিষ্ঠানকে কাজের প্রতিটি পর্যায়ে নির্ধারিত কারিগরি বিবরণী, কাজের পরিমাণ, গভীরতা, প্রস্থ এবং JAGO NARI কর্তৃক অনুমোদিত নির্দেশনা অনুসরণ করতে হবে। কাজের গুণগত মান নিশ্চিতকরণ, পরিমাপ, পরিদর্শন ও তদারকির ক্ষেত্রে JAGO NARI-এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও প্রতিনিধিদের সর্বাত্মক সহযোগিতা করতে হবে।

৪. খাল পুনঃখননের কাজ JAGO NARI কর্তৃক নির্ধারিত ও অনুমোদিত নকশা, পরিমাপ, গভীরতা, প্রস্থ এবং অন্যান্য কারিগরি নির্দেশনা অনুযায়ী সম্পন্ন করতে হবে। খালের কোনো অংশে নির্ধারিত গভীরতা বা প্রস্থ কম রাখা যাবে না। কাজ সম্পন্ন হওয়ার পর সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে তা যাচাই করা হবে।

৫. কাজ চলাকালীন শ্রমিক, স্থানীয় জনগণ, পথচারী, গবাদিপশু এবং আশপাশের স্থাপনার নিরাপত্তা নিশ্চিত করার জন্য ঠিকাদার প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। খালের পাশে ঝুঁকিপূর্ণ স্থানগুলো চিহ্নিত করে প্রয়োজন অনুযায়ী সতর্কতামূলক সাইনবোর্ড, ব্যারিকেড ও নিরাপত্তাব্যবস্থা স্থাপন করতে হবে।

৬. ঠিকাদার প্রতিষ্ঠানকে কাজের ধরন ও পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় দক্ষ শ্রমিক, অপারেটর, খননযন্ত্র, এক্সকাভেটর, পরিবহন এবং অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জাম নিজ দায়িত্বে ও নিজ ব্যবস্থাপনায় সরবরাহ করতে হবে। ব্যবহৃত সব যন্ত্রপাতি সচল ও কার্যোপযোগী হতে হবে।

৭. খাল পুনঃখননের কাজের পরিমাণ, দৈর্ঘ্য, প্রস্থ, গভীরতা এবং সম্পন্ন কাজের প্রকৃত পরিমাপ ঔঅএঙ ঘঅজও-এর দায়িত্বপ্রাপ্ত কারিগরি কর্মকর্তা বা মনোনীত প্রতিনিধির মাধ্যমে যাচাই করা হবে। যাচাইকৃত ও অনুমোদিত কাজের পরিমাণের ভিত্তিতে বিল প্রস্তুত ও পরিশোধ করা হবে। অনুমোদিত পরিমাণের অতিরিক্ত কোনো কাজের জন্য অর্থ দাবি করা যাবে না।

৮. কাজের কোনো অংশ নির্ধারিত কারিগরি বিবরণী, চুক্তির শর্ত বা অনুমোদিত নির্দেশনার সঙ্গে অসামঞ্জস্যপূর্ণ কিংবা নিম্নমানের প্রমাণিত হলে ঠিকাদার প্রতিষ্ঠানকে নিজ দায়িত্বে ও নিজ খরচে তা সংশোধন বা পুনরায় সম্পন্ন করতে হবে। সংশোধিত কাজ সন্তোষজনকভাবে সম্পন্ন না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট কাজের বিল অনুমোদন স্থগিত রাখা যাবে।

৯. কাজের কোনো অংশ নির্ধারিত কারিগরি বিবরণী, চুক্তির শর্ত বা অনুমোদিত নির্দেশনার সঙ্গে অসামঞ্জস্যপূর্ণ কিংবা নিম্নমানের প্রমাণিত হলে ঠিকাদার প্রতিষ্ঠানকে নিজ দায়িত্বে ও নিজ খরচে তা সংশোধন বা পুনরায় সম্পন্ন করতে হবে। সংশোধিত কাজ সন্তোষজনকভাবে সম্পন্ন না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট কাজের বিল অনুমোদন স্থগিত রাখা যাবে।

১০. পুনঃখনন কাজের সময় পরিবেশের ভারসাম্য, খালের পাড়, পার্শ্ববর্তী কৃষিজমি, রাস্তা, কালভার্ট, সেতু, বসতবাড়ি এবং অন্যান্য স্থাপনার ক্ষতি এড়াতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ঠিকাদার প্রতিষ্ঠানের অবহেলা বা অসতর্কতার কারণে কোনো ক্ষয়ক্ষতি হলে তা নিজ দায়িত্বে ও নিজ খরচে পুনরুদ্ধার বা ক্ষতিপূরণ করতে হবে।

১১. ঠিকাদার প্রতিষ্ঠানকে কাজের অগ্রগতি সম্পর্কে JAGO NARI-এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নিয়মিত অবহিত করতে হবে। প্রয়োজনে কাজের বিভিন্ন পর্যায়ের অগ্রগতির ছবি, পরিমাপসংক্রান্ত তথ্য এবং অন্যান্য প্রয়োজনীয় প্রতিবেদন জমা দিতে হবে।

১২. JAGO NARI-এর পূর্ব লিখিত অনুমোদন ছাড়া খাল পুনঃখননের নির্ধারিত নকশা, গভীরতা, প্রস্থ, কাজের পরিমাণ, পদ্ধতি বা কার্যপরিধিতে কোনো ধরনের পরিবর্তন করা যাবে না। অনুমোদনবিহীন পরিবর্তনের জন্য ঠিকাদার প্রতিষ্ঠান নিজেই দায়ী থাকবে।

১৩. ঠিকাদার প্রতিষ্ঠানের বিল সম্পন্ন কাজের প্রকৃত পরিমাপ,গুণগত মান যাচাই এবং JAGO NARI-এর দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষের সন্তোষজনক পরিদর্শন ও অনুমোদনের ভিত্তিতে পরিশোধ করা হবে। চুক্তির শর্ত অনুযায়ী প্রযোজ্য **আয়কর, ভ্যাট সরকারী** বিধি মোতাবেগ বিল থেকে কর্তন করা হবে।

১৪. ঠিকাদার প্রতিষ্ঠান চুক্তির কোনো শর্ত যথাযথভাবে পালন করতে ব্যর্থ হলে, নিম্নমানের কাজ করলে, অনুমোদিত নির্দেশনা অমান্য করলে অথবা অযৌক্তিকভাবে কাজ বন্ধ রাখলে JAGO NARI লিখিতভাবে সংশোধনের নির্দেশ প্রদান করতে পারবে। নির্ধারিত সময়ের মধ্যে সন্তোষজনক ব্যবস্থা গ্রহণ না করলে JAGO NARI-এর প্রযোজ্য নীতিমালা ও চুক্তির শর্ত অনুযায়ী কার্যাদেশ বাতিলসহ প্রয়োজনীয় প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থা গ্রহণের অধিকার সংরক্ষিত থাকবে।

ঙ. বিশেষ বার্তাসমূহ:

১. জাগোনারী কোন কারন দর্শানো ব্যতিত উক্ত বিজ্ঞপ্তি/দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে;

২. **জাগোনারী কোন ধরনের নারী, শিশু ও যৌন নির্যাতনকারীকে প্রশ্রয় দেয় না;**

৩. নির্বাচিত সরবরাহকারী প্রতিষ্ঠান অবশ্যই জাগোনারীর সেইফগার্ডিং ও যৌন শোষণ ও হয়রানি প্রতিরোধ পলিসি মেনে চলতে বাধ্য থাকবেন। কার্যাদেশে উল্লেখিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে কোনরূপ নারী বা শিশু নির্যাতনের অভিযোগ প্রমানিত হলে জাগোনারী কর্তৃপক্ষ উক্ত কার্যাদেশ বাতিল করতে পারবেন;

৪. কোনরূপ তদবীর/প্রভাবিত করা গ্রহণযোগ্য নয়;

চ. সংযুক্তি:

১. Annexure -1.1: Price Quotation Form.
২. Annexure -1.2: Canal Design.

দরপত্র সংক্রান্ত কোন অস্পষ্টতা থাকলে প্রয়োজনে ফোন করুন এই নম্বরে: ০১৭১১ ৩২২৩১৪। এ ছাড়া অন্য কোন বিষয়ে আলোচনা বা তদবিরের জন্য ফোন না করার জন্য জোর অনুরোধ জানানো হলো।

:: ০ ::